



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,
বাংলাদেশ, ঢাকা
পরিকল্পনা ও উন্নয়ন উইং
www.dshe.gov.bd

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৯.৫৬.১৬৬.২৩-১৭

তারিখ: ০৫/০৫/২০২৬ খ্রি.

বিষয়: 'খান একাডেমি বাংলাদেশ' কার্যক্রমের মেয়াদ ৩০ জুন ২০২৭ খ্রি. পর্যন্ত মোট ৭ টি জেলায় (ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, নরসিংদী, চাঁদপুর, কুমিল্লা ও পঞ্চগড়) মোট ১০০টি মাধ্যমিক বিদ্যালয়ে কার্যক্রম বাস্তবায়নের অনুমোদন সংক্রান্ত।

সূত্র: সাজেদা ফাউন্ডেশন এর ১ এপ্রিল ২০২৬ এবং ৫ মে ২০২৬ তারিখের পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাজেদা ফাউন্ডেশন এর আর্থিক ও কারিগরী সহযোগিতায় 'খান একাডেমি বাংলাদেশ' শীর্ষক কার্যক্রমের আওতায় মোট ৭ টি জেলায় (ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, নরসিংদী, চাঁদপুর, কুমিল্লা ও পঞ্চগড়) মোট ১০০টি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকদের গণিত শিক্ষণ দক্ষতা উন্নয়ন এবং শিক্ষার্থীদের গণিত শিখনফল বৃদ্ধির লক্ষ্যে ১ বছর মেয়াদী কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এই কার্যক্রমটি ৩০ জুন ২০২৭ খ্রি. পর্যন্ত মাধ্যমিক বিদ্যালয়ে কার্যক্রম বাস্তবায়নের অনুমোদনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।


প্রকল্পের আওতায় নিম্নলিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন করা যাবে:

১. বিদ্যালয়ে গণিত শিক্ষকদের শিক্ষণ দক্ষতা উন্নয়ন এবং শিখনফল বৃদ্ধির জন্য শিক্ষকদের প্রশিক্ষণ আয়োজন।
২. শিক্ষার্থীদের জন্য গণিত শিখনফল বৃদ্ধির লক্ষ্যে 'খান একাডেমি বাংলাদেশ' প্ল্যাটফর্মের কার্যকর ব্যবহার।
৩. প্রয়োজনীয় ডিভাইস সেটআপ এবং টেকনিক্যাল সমর্থন।
৫. শিক্ষার্থীদের জন্য শিখনগত সহায়তা ও কর্মশালা আয়োজন।
৬. মাসিক মনিটরিং সেশন এবং অগ্রগতি রিপোর্টিং।

শর্তাবলি:

- শিক্ষা প্রতিষ্ঠানে গবেষণা কার্যক্রম পরিচালনা/বাস্তবায়নকালে জাতীয় ও ধর্মীয় চেতনা পরিপন্থী কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না;
- জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সহায়তায় বিদ্যালয় নির্বাচন করতে হবে। নির্বাচিত বিদ্যালয়ের তালিকা মাউশি অধিদপ্তর কর্তৃক যাচাই-বাছাইয়ের মাধ্যমে চূড়ান্ত অনুমোদন নিতে হবে;
- শ্রেণি কার্যক্রম পরিচালনায় বিঘ্ন ঘটানো যাবে না;
- অনুমোদিত কার্যক্রমের পরিবর্তন/পরিমার্জন/সংশোধন করার ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর অনুমোদন নিতে হবে;
- খান একাডেমি বাংলাদেশ কার্যক্রমের আওতা কিংবা মেয়াদ বৃদ্ধি/হ্রাস করার ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন গ্রহণ করতে হবে;
- খান একাডেমি বাংলাদেশ এর কার্যক্রম উপজেলা/জেলা/আঞ্চলিক কার্যালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক নিয়মিত তদারকি করা হবে;
- প্রস্তাবিত কার্যক্রম তদারকির ক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থা সার্বিক সহযোগিতা প্রদান করবে এবং এ সংক্রান্ত ব্যয়ভার বহন করবে;
- এই কার্যক্রমের ত্রৈমাসিক/ বার্ষিক অগ্রগতি প্রতিবেদন আবশ্যিকভাবে মাউশি অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে;
- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর যে কোন সময় এ কার্যক্রম বাতিল করতে পারবে;
- সরকার প্রদত্ত সুরক্ষা বিধিমালা ও স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


০৫.০৫.২০২৬

জিসান আহমেদ

গবেষণা কর্মকর্তা-৪, (পরিকল্পনা ও উন্নয়ন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
jeshanahmeddu@gmail.com
০১৬২২০৮৬৫৩৩

আজওয়া নাদিম

সি.ই.ও, খান একাডেমি বাংলাদেশ

প্রকল্প অর্থায়নঃ সাজেদা ফাউন্ডেশন


যোগাযোগের নাম্বারঃ +৮৮০ ১৭১৭৫৭৭১৭১

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৯.৫৬.১৬৬.২৩.-১৭

তারিখ: ০৫/০৫/২০২৬ খ্রি.

অনুলিপি (সদয় অবগতি / কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা এবং প্রকল্প পরিচালক, সাজেদা ফাউন্ডেশন, ঢাকা
৩. জেলা শিক্ষা অফিসার, ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, নরসিংদী, পঞ্চগড়
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, নরসিংদী, পঞ্চগড়
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৬. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৭. সংরক্ষণ নথি।


05.05.2026

জিসান আহমেদ

গবেষণা কর্মকর্তা-৪, (পরিকল্পনা ও উন্নয়ন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

jeshanahmeddu@gmail.com

০১৬২২০৮৬৫৩৩